(৫৩)

দৈনিক
ইনকিলাব

তারিখ SEP. 11 2006
পৃষ্ঠা ১১ কলাম ৫

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভায়

# বেসরকারী শিক্ষকদের দাবী বাস্তবায়ন না করায় ক্ষোভ

**স্টাফ রিপোর্টার**

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতভাগ বেতন, জনবল কাঠামো সংশোধন, ২ বছর ও ৮ বছর চাকরির পর কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের উচ্চতর স্কেল/টাইম স্কেল পুনঃ চালুকরণ, কর্মচারীদের চাকরিবিধি, সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ন্যায় বেসরকারী মাধ্যমিক

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## শিক্ষকদের দাবী

১২-এর পৃষ্ঠার পর

বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকের অনুরূপ স্কেল এবং অন্যান্য শিক্ষকদের টাইম স্কেল প্রদানসহ '৬ দফা শিক্ষা এজেন্ডা' বাস্তবায়নে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহা-অবস্থানে ৫ সেপ্টেম্বর '০৬ এর মধ্যে দাবী পূরণ করা হবে উল্লেখ করে শিক্ষামন্ত্রী যে ঘোষণা দিয়েছিলেন তা অদ্যাবধি বাস্তবায়িত না হওয়ায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভায় তীব্র ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করা হয়।

উদ্ভূত পরিস্থিতিতে সভায় সরকারী-বেসরকারী বৈষম্য দূরীকরণে স্থগিতকৃত আন্দোলনের কর্মসূচী প্রণয়ন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের দাবী পূরণের বিষয়ে সর্বশেষ অবস্থা অবহিতকরণের জন্য ১৩ সেপ্টেম্বর'০৬ বুধবার সাংবাদিক সম্মেলন করার সিদ্ধান্ত করা হয়।

ঐক্যজোট সভাপতি প্রফেসর এম. শরীফুল ইসলামের সভাপতিত্বে জাতীয় নির্বাহী কমিটির সভায় সদ্য ঘোষিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বেসরকারী কলেজের ফলাফল শীর্ষে থাকায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় ছাত্র ভর্তির বিষয়ে ঐক্যজোটের নেতৃবৃন্দের সাথে আলোচনাক্রমে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আহ্বান জানানো হয়।

সভায় নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ ইসহাক হোসেন, আলহাজ্ব নজরুল ইসলাম, মুহম্মদ জাহাঙ্গীর খান, অধ্যক্ষ হরুনুর রশীদ পাঠান, অধ্যক্ষ রহিমা খন্দকার, অধ্যক্ষ রফিকা শাফরোজ, এ.কে.এম. আনিসুল হক, অধ্যক্ষ মুজিবুর রহমান হাওলাদার, অধ্যক্ষ আব্দুল খালিব, ডঃ এ. কে. এম. আব্দুল্লাহ, মোঃ ইয়াদ আলী, মোঃ হারুন-আর-রশীদ, অধ্যাপক ওবায়দুল্লাহ সাগর, অধ্যাপক আইয়ুব আলী, অধ্যাপক শেখ ফরিদ হোসেন, অধ্যাপক গোলাম রসূল সানি, অধ্যাপক মোঃ আসাদুর রহমান, অধ্যাপিকা মাকসুদা রেজা প্রমুখ।